

## বিশ্ব ব্যাংক তথ্য বিজ্ঞপ্তি

### বাংলাদেশে জন প্রশাসনের আধুনিকায়নে নিবিড় সংস্কার প্রয়োজন

সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যসমূহ অর্জনের জন্য বাংলাদেশে জন প্রশাসনকে জরুরি ভিত্তিতে সংস্কার করে মেধাভিত্তিক, দক্ষ ও কার্যকর করে তোলা প্রয়োজন। ‘প্রথম শ্রেণীই কি সর্বোচ্চ পর্যায়ে? বাংলাদেশের প্রগতি অর্জনে জন প্রশাসন অন্যতম চাবিকাঠির ভূমিকা পালন করতে পারবে কি?’ শীর্ষক বিশ্ব ব্যাংকের এক রিপোর্টে এ ব্যাপারে কিছু মতামত রাখা হয়েছে। এতে বলা হয়েছে, একবিংশ শতকের জন্য প্রাসঙ্গিক এমন সেবাসমূহের জন্য প্রয়োজনীয় নীতিমালা তৈরি ও তা বাস্তবায়নে সুদৃঢ় রাজনৈতিক ইচ্ছা এবং প্রশাসনিক সামর্থ্যই কেবল বাংলাদেশে একটি আধুনিক জন প্রশাসন গড়ে তুলতে পারে।

সরকারের কাছে নীতিমালা সংক্রান্ত রিপোর্টটি ইতোমধ্যে পৌঁছে দেওয়া হয়েছে। এতে নিম্নলিখিত দু’টি বিষয়ে সুপারিশ করা হয়েছে:

- জন প্রশাসনের ব্যবস্থাপনায় মেধার ওপর বাড়তি গুরুত্ব প্রদান।
- জন প্রশাসন পুনর্গঠনে প্রধান প্রধান দিকের ওপর জোর দেওয়া। এটি সম্ভব হবে আগের চেয়ে শক্তিশালী আইনী কাঠামো, আরো স্বাধীন তদারকি ব্যবস্থা এবং কাজের ব্যবস্থাপনার জন্য আরো ভাল পদ্ধতি গড়ে তোলার মধ্য দিয়ে। এজন্য অবশ্য প্রান্তের বিষয়গুলোতে ইতোমধ্যে নজর দেওয়া হয়েছে, তবে তাতে তেমন ফল আসেনি।

মন্ত্রণালয়গুলোকে গুচ্ছবদ্ধ করা এবং একটি জ্যেষ্ঠ জন প্রশাসন গঠন করার প্রস্তাবের মতো চলতি ও ভবিষ্যৎ সংস্কার কার্যাবলির উল্লেখ করে সমীক্ষাটিতে বলা হয় বিষয়টির কেন্দ্রে যে-সব অনিয়ম রয়েছে সেগুলোর প্রতি মনোযোগ দেওয়া হয়নি বলেই আগের সংস্কার প্রচেষ্টাগুলো থেকে খুব কম ফল পাওয়া গিয়েছিল।

প্রতিবেদনে দু’টি মূল প্রাতিষ্ঠানিক পরিবর্তনের প্রয়োজনের ওপর জোর দেওয়া হয়েছে: ক) জন প্রশাসন এবং জন প্রশাসন ব্যবস্থাপনার একটি আইনী কাঠামো হিসাবে পাবলিক সার্ভিস কমিশনের ভূমিকা ও দায়িত্বকে সংজ্ঞায়িত করে আইন প্রণয়ন এবং খ) মেধার স্বাধীন প্রতিপালক হিসাবে পাবলিক সার্ভিস কমিশনকে প্রতিষ্ঠা করা। একই সাথে প্রথম শ্রেণীর জন প্রশাসনকে চেলে সাজানোও আরেকটি জরুরি প্রয়োজন যার মধ্যে রয়েছে নিয়োগদান পরীক্ষা, বার্ষিক কার্য মূল্যায়ন এবং পদোন্নতির বিধিসমূহ।

শুধুমাত্র কারিগরী সমাধান কার্যকর সুফল বয়ে আনতে পারবে না মর্মে প্রতিবেদনে বলা হয়েছে। জন প্রশাসন সংস্কারের কাজটি সারা বিশ্বেই একটি দুরূহ ব্যাপার। কী করা উচিত তা জানতে একটির পর একটি কমিশন গঠন না করে বরং বাস্তবায়ন পরিকল্পনা সহযোগে নীতিমালার অনুসরণ জরুরী বলে প্রতিবেদনে মন্তব্য করা হয়েছে।

ডিসেম্বর ২০০৬

#### যোগাযোগ

রিজওয়ান আলম (৮৮০২) ৮১৫-৯০১৫, এক্সটেনশন-৪২৪২

ইমেইল: [salam3@worldbank.org](mailto:salam3@worldbank.org)

বাংলাদেশে বিশ্ব ব্যাংক বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য দেখুন: [www.worldbank.org.bd](http://www.worldbank.org.bd) এবং [www.worldbank.org](http://www.worldbank.org)